



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৭৯(খ)/ঢাকা/দঃ/ ১২৬৬

তারিখ : ২৮/৭/১৯

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

- সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫।
(২) মোঃ আব্দুর রহমান রতন, সাবেক মেম্বর, দনিয়া ইউনিয়ন পরিষদ-এর ২০/০৫/২০১৯ তারিখের আবেদন।
(৩) বোর্ডের ০৩/০৬/২০১৯ তারিখের ৯৯১(৮) নং পত্র।
(৪) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা-এর ২৬/০৫/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬.২২৮৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল কাশেম-এর চাকুরীর মেয়াদ ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ায় তাকে পুনঃ নিয়োগ বা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া বিধিসম্মত হয়নি। সূত্রোক্ত ১নং স্মারক মোতাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে সহকারি প্রধান শিক্ষক বা সহকারি প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারি শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদানের নির্দেশ দেয়া হয়। উক্ত আদেশ এখনও পালন করা হয়নি; যা বোর্ডের আদেশ নির্দেশ পালন না করার শামিল।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পুনরায় নির্দেশ দেয়া হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
শেখদী আব্দুল্লাহ মোল্লা উচ্চ বিদ্যালয়
মাতুয়াইল, যাত্রাবাড়ী, ঢাকা।

মেমো নং-

২৮/৭/১৯

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৩। প্রধান শিক্ষক, শেখদী আব্দুল্লাহ মোল্লা উচ্চ বিদ্যালয়।
- ৪। সহকারি প্রধান শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারি শিক্ষক, শেখদী আব্দুল্লাহ মোল্লা উচ্চ বিদ্যালয়।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।